

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 22-01-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন দেশকে শক্তিশালী করতে হলে ছেলেমেয়েদের নৈতিক শিক্ষায় শিক্ষিত করতে হবে।
- (২) কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া আগামীকাল তিন দিনের রাজ্য সফরে আসছেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কেবালা সফর করবেন।
- (৪) ত্রিপুরা ও উত্তরাখণ্ডের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন দেশকে শক্তিশালী করতে হলে ছেলেমেয়েদের নৈতিক শিক্ষায় শিক্ষিত করতে হবে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে সংখ্যালঘু কল্যাণ দপ্তর আয়োজিত সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থীদের মেধা পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। তিনি বলেন ভারতবর্ষের প্রত্যেকটি নাগরিকের কল্যাণ কেন্দ্র ও রাজ্য সরকারের দায়িত্ব। তিনি বলেন সমাজের সকল স্তরের মানুষের সহযোগিতায় রাজ্যের উন্নয়ন ত্বরান্বিত হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে জাতি জনজাতি ও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ শান্তি সম্প্রীতির সঙ্গে বসবাস করছে। তিনি বলেন ২০১১ সালের জনগণনা অনুযায়ী রাজ্যে ১৬ দশমিক চার দুই শতাংশ সংখ্যালঘু শ্রেণীর মানুষ বসবাস করেন। তিনি বলেন রাজ্য সরকার ২০২৫-২৬ অর্থবছরে কেন্দ্রীয় সরকারের কাছে সংখ্যালঘু শ্রেণীর উন্নয়নের জন্য ৪টি প্রকল্পের অনুমোদন প্রাপ্তির জন্য পাঠিয়েছে। যার জন্য ব্যয় হবে ১০৬কোটি টাকা। তিনি বলেন রাজ্য ওয়াকফ বোর্ড সংখ্যালঘুদের স্বার্থে বিভিন্ন

উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি উন্নত শিক্ষা, পরিকাঠামো প্রকল্প এবং অর্থনৈতিক সুযোগ-সুবিধার মাধ্যমে ও সংখ্যালঘু সম্প্রদায়ের কল্যাণের উপর জোর দেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গির কথা উল্লেখ করে বলেন যে, “সবকা সাথ, সবকা বিকাশ, সবকা প্রয়াস এবং সবকা বিশ্বাস”-এর নীতিগুলি কেবল স্লোগান নয় বরং এর গভীর তাৎপর্য রয়েছে। তিনি বলেন স্বাধীনতার পর বর্তমান রাজ্য সরকারের অধীনে একটি সামাজিক পরিবর্তন এসেছে। মহিলা ক্ষমতায়নের কথা বলতে গিয়ে তিনি বলেন যে মহিলারা এখন নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হয়েছেন। অনুষ্ঠানে সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া সংখ্যালঘু শ্রেণীর উন্নয়নে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে ১৩ জন ছাত্রছাত্রীকে মেধা পুরস্কার প্রদান করা হয়।

এর মধ্যে রয়েছে চিফ মিনিস্টার মাইনোরিটিস গার্লস গোল্ড অ্যাওয়ার্ড, মৌলানা আবুল কালাম আজাদ মেমোরিয়াল মেরিট অ্যাওয়ার্ড ইত্যাদি। তাছাড়া করবুকে ৪ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত দুটি ছাত্র ও ছাত্রী আবাস ভাটুয়ালভাবে উদ্বোধন করা হয়।

Jyotiraditya Scindia :

কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আগামীকাল তিন দিনের রাজ্য সফরে আসছেন। আগামীকাল বিকেলে তিনি আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ডোনার মন্ত্রকের আর্থিক সহায়তায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস করবেন। পরে আগরতলা আইজিএম হাসপাতালে মা ও শিশুদের স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে খোঁজ নেবেন। তাছাড়া আগরতলা ডেন্টাল হাসপাতাল পরিদর্শনের কথা রয়েছে তাঁর। আগামীকাল সন্ধ্যায় মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে পূজো দেবেন তিনি। সফরের দ্বিতীয় দিনে তিনি উত্তর ত্রিপুরা জেলার কদমতলার উত্তর ফুলবাড়ি গ্রাম পরিদর্শন করবেন। সেখানে আগরকাঠের একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন করবেন তিনি। পরে তিনি রাজ্যের ঐতিহ্যবাহী উনকোটি পাহাড় পরিদর্শন করবেন। সফরের

তৃতীয় তথা শেষ দিনে শ্রী সিন্ধিয়া ডুশ্বুরে পর্যটন প্রকল্পে মাতাবাড়ি ট্যুরিজম সার্কিটের সূচনা করবেন তিনি। ঐদিনই রাজ্য ত্যাগ করবেন তিনি।

Paddy Procurement :

রাজ্য সরকার এবারও কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করবে। আজ মহাকরণে খাদ্য ও ভোক্তা বিষয়ক মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং কৃষিমন্ত্রী রতন লাল নাথ এক যৌথ সাংবাদিক সম্মেলনে রাজ্য মন্ত্রিসভার এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। খাদ্যমন্ত্রী জানান, আগামী ২৮শে জানুয়ারী উত্তর জেলার ধর্ম নগরে আনুষ্ঠানিক ভাবে ধান কেনা শুরু করা হবে। তিনি জানান, এ মরসুমে ১৮ হাজার মেট্রিক টন ধান কেনার লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। ধানের সহায়ক মূল্য গত বারের চেয়ে ৬৯ পয়সা বৃদ্ধি করে এবার কিলো প্রতি ২৩ টাকা ৬৯ পয়সা করা হয়েছে। তিনি জানান, রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে ধান কেনা শুরু করার পর এখন পর্যন্ত ২ লক্ষ ৪৪ হাজার ৩০৩ মেট্রিকটন ধান কেনা হয়েছে। তাতে উপকৃত হয়েছেন ১ লক্ষ ২৫ হাজার ৪৫৪ জন কৃষক। তাদের ব্যাংক একাউন্টে জমা দেওয়া হয়েছে ৪৮৯ কোটি ৭১ লাখ টাকা। এতে ত্রিপুরার গ্রামীণ এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ড ত্বরান্বিত হয়েছে। কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত গোটা বিশ্বে খাদ্য শস্য রপ্তানী করছে। আমাদের রাজ্যেও উৎপাদন বেড়েছে।

SAMARTH :

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর প্রধানমন্ত্রীর ‘আত্মনির্ভর ভারত’ দর্শনকে সামনে রেখে হস্ততাঁত ও রেশম শিল্পকে পুনরুজ্জীবিত করার কাজ শুরু হয়েছে। আজ নলছড় আঞ্চলিক তাঁত শিল্প সমবায় সমিতি লিমিটেডে ৩৪ দিনব্যাপী রেশম হস্ততাঁত বয়ন প্রশিক্ষণ কর্মসূচির সূচনা করে একথা বলেন তিনি। ভারত সরকারের বস্ত্র মন্ত্রকের SAMARTH বা Scheme for Capacity Building in Textile

Sector প্রকল্পের অধীনে এবং কেন্দ্রীয় রেশম পৰ্শদের সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মসূচির ফলে রেশম শিল্পে দক্ষতা উন্নয়নে নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে উল্লেখ করেন শ্রী বর্মণ। তিনি বলেন এই প্রশিক্ষণ শুধু তাঁতীদের দক্ষ করে তুলবে না পাশাপাশি ভবিষ্যতের উদ্যোক্তা তৈরি করতে সাহায্য করবে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন নলছড় আঞ্চলিক তাঁত শিল্প সমবায় সমিতির সভাপতি দুলাল দেবনাথ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কেরালা সফর করবেন। এই সফরকালে, শ্রী মোদী তিরুবনন্তপুরমে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন এবং জনসমাবেশে ভাষণ দেবেন। প্রকল্পগুলি রেল যোগাযোগ, নগর জীবিকা, বিজ্ঞান ও উদ্ভাবন, নাগরিক-কেন্দ্রিক পরিষেবা এবং উন্নত স্বাস্থ্যসেবা সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করে, যা অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি, প্রযুক্তিগত অগ্রগতি এবং নাগরিকদের

জীবনযাত্রার মান উন্নত করার উপর প্রধানমন্ত্রীর অব্যাহত মনোযোগকে প্রতিফলিত করে। প্রধানমন্ত্রী চারটি নতুন ট্রেন পরিষেবার উদ্বোধন করবেন, যার মধ্যে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন এবং একটি যাত্রীবাহী ট্রেন অন্তর্ভুক্ত থাকবে।

নগর জীবিকা জোরদার করার প্রচেষ্টার অংশ হিসেবে, প্রধানমন্ত্রী রাস্তার বিক্রেতাদের জন্য আর্থিক অন্তর্ভুক্তির পরবর্তী পর্যায়ে প্রধানমন্ত্রী স্বনিধি ক্রেডিট কার্ড চালু করবেন। প্রধানমন্ত্রী তিরুবনন্তপুরমের শ্রী চিত্রা তিরুনাল ইনস্টিটিউট ফর মেডিকেল সায়েন্সেস অ্যান্ড টেকনোলজিতে একটি অত্যাধুনিক রেডিওসার্জারি সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

Agro-Forestry Workshop-South :

পরিবেশ বান্ধব আগর চাষের সম্প্রসারণ ও পাড়াপ্রাপ্ত বনভূমিতে কৃষিভিত্তিক বনায়ন সৃষ্টি করার লক্ষ্যে বন দপ্তরের উদ্যোগে আজ দক্ষিণ জেলাভিত্তিক এক দিবসীয় সচেতনতা মূলক কর্মশালা শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। আগর গাছের চারায় জল সিঞ্চন করে কর্মশালার সূচনা করেন দক্ষিণ জেলার বনাধিকারিক গৌরব ওয়াগ। বকাফার মহকুমা বনাধিকারিক নবারুণ দে, সাক্রম মহকুমা বনাধিকারিক কমল ভৌমিক, কৃষি বনায়ন ও আগর চাষ বিশেষজ্ঞ শচীন্দ্রনাথ বনিক, ত্রিপুরা ব্যাস্পো মিশনের উপ - মিশন ম্যানেজার সুকান্ত দাস, জাইকা প্রকল্পের প্রকল্প সঞ্চালক বিপ্লব বনিক প্রমুখ উপস্থিত ছিলেন কর্মশালায়। কর্মশালায় জেলার ৩ মহকুমার ২৫০ জন বনাধিকার আইনে পাড়াপ্রাপ্ত সুবিধাভোগী উপস্থিত ছিলেন। সুবিধাভোগীদের আগর গাছের চারা প্রদান করা হয়।

Press Meet :

কৈলাশহরের D.M কনফারেন্স হলে "সড়ক সুরক্ষা, জীবন রক্ষা " বিষয়ে আজ সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে উপস্থিত ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, জেলা পরিবহণ

আধিকারিক তরুণ বিকাশ তালুকদার জানান, চলতি জানুয়ারি মাসকে ঊনকোটি জেলাতেও সরকারিভাবে "জাতীয় সড়ক সুরক্ষা মাস" হিসাবে পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে সচেতনতামূলক কর্মসূচি জেলার নানাস্থানে করা হচ্ছে। চালকের মাথায় হেলমেট না থাকলে পেট্রোল বা জ্বালানি তেল না দিতে পেট্রোল পাম্পগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

Canara Bank :

বিধায়িকা মিনারানী সরকার আজ কানাড়া ব্যাংকের বাধারঘাট ব্রাঞ্চারে উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের সাউথ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, নর্থ জোনের চেয়ারম্যান গৌতম চন্দ, কর্পোরেটর প্রসেনজিৎ লোধ, কানাড়া ব্যাংকের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার শান্তনু কুন্ডু সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Left Front :

বামপন্থী কৃষক ও শ্রমিক সংগঠনগুলির ডাকে আজ দক্ষিণ জেলার পতিছড়ি ড্রপগেটে এক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সিটুর রাজ্য সভাপতি মানিক দে, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত প্রমুখ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ আগামী ১৩ই ফেব্রুয়ারি সংযুক্ত কিশাণ মোর্চা সহ পাঁচশোর বেশি কৃষক সংগঠন, ১০টি ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশন সমূহের যৌথ মঞ্চ আহূত দেশব্যাপী সাধারণ ধর্মঘটের সমর্থনে বক্তব্য রাখেন।

National Voters Day-Pledge :

আগরতলার তথ্য ও সংস্কৃতি দপ্তরে আজ জাতীয় ভোটার দিবস পালন উপলক্ষ্যে দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারীদের জাতীয় ভোটার দিবসের শপথ বাক্য পাঠ করানো হয়। এবছর জাতীয় ভোটার দিবসের মূল ভাবনা হলো ‘মাই ইন্ডিয়া, মাই ভোট’। আগামী ২৫ জানুয়ারি রাজ্যে

কেন্দ্রীয়ভাবে জাতীয় ভোটের দিবস পালন করা হবে। আজকের অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, দপ্তরের উপ-অধিকর্তা জয়দীপ দেববর্মা ও উপ-অধিকর্তা রজতকান্তি দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

Drinking Water :

খোয়াই তুলাশিখর ব্লকের প্রত্যন্ত এডিসি গ্রাম পশ্চিম বাচাইবাড়ির মাদরাম বাড়ি গ্রামে ৬০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৫০০০ গ্যালন ক্ষমতা সম্পন্ন বিশুদ্ধ পানীয় জলের প্রকল্পের আজ উদ্বোধন করা হয়। আজ এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে জেলাশাসক রজত পন্ড, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, ডি-ডাব্লিউ-এস দপ্তরের কার্যকরী বাস্তুকার সঞ্জয় দেববর্মা, তুলাশিখর ডি ডাব্লিউ এস দপ্তরের এসডিও জহর দেববর্মা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। জেলাশাসক জানান, জল জীবন মিশন প্রকল্পে তৈরি এই প্রকল্পটি প্রত্যন্ত অঞ্চলের তিনটি পাড়ার প্রায় শতাধিক মানুষের উপকারে আসবে।

Ranji Trophy :

ত্রিপুরা ও উত্তরাখণ্ডের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টসে হেরে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেটে হারিয়ে ২৬৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে শ্রীদাম পাল ৭৫ ও স্বপ্নীল সিং ৬০ রান করে। উত্তরাখণ্ডের ময়াংক মিশ্র ৫৯ রানে ৪টি উইকেট পান। জবাবে খেলতে নেমে উত্তরাখণ্ড প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে কোন উইকেট না হারিয়ে ৭ রান করে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

Saraswati Puja :

বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজার্চনা আয়োজনে ব্যস্ততা রাজ্যজুড়ে। শ্রীপঞ্চমী তিথি অনুযায়ী আগামীকাল বাগদেবীর পূজা। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ি, ক্লাব, সংস্থায় দেবী সরস্বতী পূজার প্রস্তুতি তুঙ্গে। পূজার উপকরনে আগরতলার বাজারগুলি সেজে উঠেছে। সরস্বতী পূজাকে কেন্দ্র করে বিশেষত ছোট ছোট ছেলেমেয়েদের মধ্যে বিপুল উৎসাহ তৈরি হয়েছে। রাজ্যের জাতি-জনজাতি উভয় অংশের জনগনই সরস্বতী পূজায় মেতে ওঠেন প্রতি বছর। আকাশবাণী আগরতলা কেন্দ্রে আগামীকাল সরস্বতী পূজা অনুষ্ঠিত হবে।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
